

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস সোনারগাঁওয়ে স্থাপনের দাবি

ইত্তেফাক রিপোর্ট

সোনারগাঁও উন্নয়ন পরিষদের নেতৃবৃন্দ দেশের আটপাড়া রাজধানী সোনারগাঁওয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন, ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এবং ফুট ওজারব্রিজ নির্মাণের দাবি জানিয়েছেন। গাজকল, পানিবাহার সিংসুটাইন, ইউনিটিতে সাংবাদিক সঞ্চলনে তারা এ দাবি জানান। সাংবাদিক সঞ্চলনে শিখিত বক্তব্য পাঠ করেন পরিষদের আহ্বায়ক মোঃ মোস্তাফিজুর রহমান মামুন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মোঃ শাহজাহান উইয়া, মুজাহিদ মলিক, দেওয়ান ফজলুর রহমান, মোঃ ওবায়দুল হক প্রমুখ। তারা বলেন, সাতশ বছর আগেও সোনারগাঁওয়ে অত্যন্ত উচ্চমানের শিক্ষা প্রতিষ্ঠান ছিল। বর্তমানে এ অঞ্চলের ইতিহাস ও ঐতিহ্য রক্ষার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস স্থাপন সমরোপযোগী নিম্নোক্ত। তারা বলেন, ১৯৭৯-এর সপ্তদশ অধিবেশনেও সোনারগাঁওয়ে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব উত্থাপন করা হয়। তবে তা বাস্তবায়ন হয়নি। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের জন্য তারা কাঁচপুর ব্রিজের পাশে, লাসলবছ, নয়নপুর কিংবা সোনারগাঁও এলাকায় ভূমি অধিগ্রহণের প্রস্তাব জানান। এ এলাকায় দ্বিতীয় ক্যাম্পাসের জন্য নির্বাচিত করা হলে শৌরভময় ইতিহাসকে যেমন স্বরণ করা হবে তেমনি যোগাযোগ ব্যবস্থার বিবেচনায় ঢাকার উপর থেকে বিপুল জনগোষ্ঠীর চাপ কমানো যাবে। তারা বলেন, সোনারগাঁও জেলায় বিভিন্ন শিল্প গড়ে ওঠায় এখানে প্রায় ৫ লাখ শ্রমিক কাজ করছে। এসব শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকরা বিভিন্ন সময় দুর্ঘটনায় আহত হলে তাদের চিকিৎসা দেয়া সম্ভব হয় না। ওজন্য তারা কাঁচপুর শিলাখলে ২০০ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ হাসপাতাল নির্মাণের জন্য সরকারের কাছে দাবি জানান। এছাড়া কাঁচপুর, মদনপুর ও যোগরাপাড়া জৈরাওয়ায় তিনটি ফুট ওজারব্রিজ নির্মাণের জন্য দাবি জানান হয়।